

৪৪

বরিশালে প্রাথমিক শিক্ষার্থীদের সম্বন্ধে ১০ লাখ সেট বই বিতরণ অনিশ্চিত

॥ বরিশাল অফিস ॥

এ বিভাগের ৩৮ লাখ প্রাথমিক শিক্ষার্থীদের জন্য বই সরবরাহ করা হয়েছে ২৮ লাখ। বাকি ১০ লাখ সেট বই হবে নাগাদ আসবে তা জানা যায়নি। চাহিদার তুলনায় সবচেয়ে কম বই সরবরাহ করা হয়েছে আলকাঠী ও জেলায়। ১৫ জানুয়ারী থেকে এ বিভাগের প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ শুরু হবে।

১. আলকাঠীতে ৩ লাখ ৩৬ হাজার ৩০১ সেট বইয়ের বিপরীতে সরবরাহ করা হয়েছে ১ লাখ ৬৪ হাজার ৩০৬ সেট বই। সেখানে নতুন ও পুরাতন সেট মিলিয়ে এখন পর্যন্ত বিতরণ করা হয়েছে ১ লাখ ৯৭ হাজার ১৯১ সেট। জেলায় ৮ লাখ ৯৬ হাজার ৫২২ সেট বইয়ের বিপরীতে ৪ জানুয়ারী পর্যন্ত সরবরাহ করা হয়েছে ৩ লাখ ৮৯ হাজার ৮১৩ সেট বই। সেখানে নতুন-পুরাতন মিলিয়ে বিতরণ করা হয়েছে ৫ লাখ ৭৩ হাজার ২৭১ সেট বই। বরিশাল জেলায় ১০ লাখ ৩২ হাজার সেট বইয়ের বিপরীতে সরবরাহ করা হয়েছে ২ লাখ ৫৩ হাজার ৯০৯ সেট বই।

২. এ পর্যন্ত বিতরণ করা হয়েছে ৪ লাখ ৯৩ হাজার ৫৭১ সেট বই। পটুয়াখালীতে ৭ লাখ ২৯ হাজার ৫৬৯ সেট বইয়ের বিপরীতে সরবরাহ করা হয়েছে ৬ লাখ ৪৫ হাজার ১৭৭ সেট বই। বিতরণ করা হয়েছে ২ লাখ ৫৭ হাজার ৯৭১ সেট বই। পিরোজপুরে ৪ লাখ ২৪ হাজার ৯৩৮ সেট বইয়ের বিপরীতে সরবরাহ করা হয়েছে ৩ লাখ ৫৮ হাজার ৭০৬ সেট বই। এ পর্যন্ত বিতরণ করা হয়েছে ২ লাখ ৩৯ হাজার ৫০ সেট বই। বরগুণায় ৩ লাখ ৫২ হাজার ৬৫৭ সেট বইয়ের বিপরীতে সরবরাহ করা হয়েছে ৩ লাখ ৬ হাজার ২৫২ সেট বই। এ পর্যন্ত বিতরণ করা হয়েছে ১ লাখ ৯৭ হাজার ১৯১ সেট বই। এখানের উপ-পরিচালকের কার্যালয় থেকে ৪ জানুয়ারী জানানো হয়েছে ১৫ জানুয়ারী থেকে বিভাগের সকল জেলায় বই বিতরণ শুরু হবে। সংশ্লিষ্ট কর্মকর্তারা আশাবাদ ব্যক্ত করেছেন যে মাধ্যমিক বই ১০ লাখ বই চলে আসবে।